ভোরের কাগজ

তারিখ JUN. 6 1999
পৃঃ ৫ কলাম ৬

# গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান কোর্সে ভর্তি

গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান কোর্স ইতিমধ্যে বেশ জনপ্রিয়তা পেয়েছে। স্নাতক ডিগ্রিধারী ও এইচএসসি উত্তীর্ণ অনেক শিক্ষার্থী নিয়মিত পড়াশোনার পাশাপাশি এই কোর্স করছে। বাংলাদেশে এখন কেন্দ্রীয় গণগ্রন্থাগারস্থ 'ইনস্টিটিউট অফ লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স', 'রাজশাহী বিশ্ববিদ্যালয়' এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ধানমণ্ডিস্থ 'ইনস্টিটিউট অফ লাইব্রেরি এন্ড ইনফরমেশন ম্যানেজমেন্ট (ইলিম)' গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ের ওপর সার্টিফিকেট, ডিপ্লোমা ও স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স প্রদান করছে। এই ডিগ্রি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত। এ বিষয়ে কোর্স সম্পন্নকারীদের স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, বিভিন্ন ইনস্টিটিউট, জাতীয় ও বেসরকারি সংস্থার লাইব্রেরিসমূহে লাইব্রেরিয়ান হিসেবে যোগদানের সুযোগ রয়েছে। নিচে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত এ বিষয়ের বিভিন্ন কোর্সের ভর্তি সংক্রান্ত তথ্যাবলী উল্লেখ করা হলো–

### ❑ ইনস্টিটিউট অফ লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব) কেন্দ্রীয় গণগ্রন্থাগার ভবন, শাহবাগ, রমনা, ঢাকা ল্যাব পরিচালিত এই ইনস্টিটিউটে সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স প্রদান করা হয়। এর ডিপ্লোমা কোর্স ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত এবং উভয় কোর্সেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত।

● **সার্টিফিকেট কোর্স :** কোর্সের মেয়াদ ৬ মাস। বছরে দুটি সেশন। জানুয়ারি-জুন, জুলাই-ডিসেম্বর। একই সঙ্গে দুটি গ্রুপ রয়েছে সার্টিফিকেট কোর্সে। এই কোর্সে ভর্তির যোগ্যতা এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সার্টিফিকেট কোর্সের প্রশিক্ষণ ব্যয় ২ হাজার টাকা।

● **ডিপ্লোমা কোর্স :** এক বছরমেয়াদি। চারটি গ্রুপ রয়েছে। প্রতিবছর জুন থেকে জুলাইতে সেশন শুরু হয়। ভর্তি যোগ্যতা স্নাতক ডিগ্রি। কোর্সের প্রশিক্ষণ ব্যয় এককালীন ৩ হাজার টাকা ও মাসিক টিউশন ফি ২০০ টাকা। ল্যাব পরিচালিত গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানবিষয়ক কোর্স ঢাকার বাইরে ছয়টি আঞ্চলিক কেন্দ্রেও পরিচালিত হয়। এরমধ্যে চট্টগ্রাম, ময়মনসিংহ, বরিশাল ও খুলনায় ডিপ্লোমা ও সার্টিফিকেট উভয় কোর্স এবং টাঙ্গাইল, রাজশাহীতে কেবল ডিপ্লোমা কোর্স হয়।

**আঞ্চলিক কেন্দ্রগুলোর ঠিকানা :** ১. বঙ্গবন্ধু 'ল' টেম্পল; নিউমার্কেট সংলগ্ন, চট্টগ্রাম। ২. মুকুল নিকেতন উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ। ৩. অমৃতলালদে কলেজ, বরিশাল। ৪. ৬ নং রোড, প্লট নং ৭২, মুজগুন্নী আবাসিক এলাকা, খুলনা। ৫. চাঁদনী চক মার্কেট, সাহেববাজার, রাজশাহী। ৬. বিবেকানন্দ হাইস্কুল, টাঙ্গাইল।

ইতিমধ্যে জুলাই '৯৯-জুন ২০০০ সেশনে ডিপ্লোমা কোর্স এবং জুলাই-ডিসেম্বর '৯৯ সেশনে সার্টিফিকেট কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

| কোর্স | ফরম সংগ্রহ ও জমা |
|---|---|
| সার্টিফিকেট কোর্স | ১৭ জুন, ১৯৯৯ পর্যন্ত |
| ডিপ্লোমা কোর্স | ২৪ জুন, ১৯৯৯ পর্যন্ত |

ভর্তি পরীক্ষা
১৮ জুন, ১৯৯৯ সকাল ৯টায় গণগ্রন্থাগার ভবন
২৫ জুন, ১৯৯৯ সকাল ৯টায়, গণগ্রন্থাগার ভবন

ভর্তি ফরম সংগ্রহ ও জমা দেওয়ার স্থান- শুক্রবার ব্যতীত সকল কর্মদিবসে দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত ইনস্টিটিউটের অফিস।

এছাড়াও ইনস্টিটিউটের সকল আঞ্চলিক কেন্দ্রসমূহে (উপরোল্লিখিত) একই তারিখ ও সময়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

### ❑ ইনস্টিটিউট অফ লাইব্রেরি এন্ড ইনফরমেশন ম্যানেজমেন্ট (ইলিম)

ওয়েস্ট ধানমণ্ডি ইউসুফ হাইস্কুল ক্যাম্পাস, শংকর, ঢাকা-১২০৭

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত এই প্রতিষ্ঠান গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ১ বছরমেয়াদি ডিপ্লোমা কোর্সে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ভর্তির যোগ্যতা স্নাতক ডিগ্রি।

২৪ জুন। ভর্তি সংক্রান্ত যোগাযোগ প্রতিদিন বিকাল ৫টা-রাত ৮টা।

❑ এছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ১ বছরমেয়াদি স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়ানো হয়। ভর্তির যোগ্যতা দ্বিতীয় বিভাগে স্নাতক। তবে স্বীকৃত গ্রন্থাগারে ২ বছর যাবৎ কর্মরতদের ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ শিথিলযোগ্য। ১৯৯৯-২০০০ সেশনে ডিপ্লোমা কোর্সে ভর্তি সম্পন্ন হয়ে গেছে।

❑ বিস্ময় আহসান